ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৫৮
সোনামুড়া, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**নলছড়ে শিক্ষক দিবস পালিত**

নলছড় পঞ্চায়েত সমিতি হলে গতকাল ৬৪ তম শিক্ষক দিবস পালন করা হয়। নলছড় বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশিষ্ট শিক্ষাবিদ তথা অবসরপ্রাপ্ত অধ্যাপিকা ড. চিত্রা পাল, বিশেষ অতিথি হিসাবে নলছড় পঞ্চায়েত সমিতির এডুকেশন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান আলপনা দাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অতিথিগণ আলোচনায় অংশ নিয়ে শিক্ষক দিবসের তাৎপর্য তুলে ধরেন এবং শিক্ষক সমাজের অবদান স্মরণ করেন। অনুষ্ঠানে নলছড় ব্লক এলাকার মোট ২১ জন অবসরপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকাকে তাঁদের অবদানের প্রতি শ্রদ্ধা জানিয়ে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়।

*****